

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

আগারগাঁও, ঢাকা।

www.ecs.gov.bd

তারিখঃ ২৭ মার্চ ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৯ মার্চ ২০১৮ তারিখে দেশের বিভিন্ন স্থানে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ৪৭টি ও বিভিন্ন পদে উপ নির্বাচন/স্থগিত নির্বাচন ৭২টি, উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন ০২টি, পৌরসভা সাধারণ নির্বাচন ৪টি ও বিভিন্ন পদে উপনির্বাচন/স্থগিত নির্বাচন ৭টি এবং খুলনা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ ওয়ার্ডের ১টি করে নির্বাচনসহ সর্বমোট ১৩৪ টি নির্বাচন অনুষ্ঠিত হবে। আজ ২৭ মার্চ ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ভোটগ্রহণের পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ৩১মার্চ ২০১৮ তারিখ দিবাগত রাত ১২.০০টা পর্যন্ত সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় কোন ব্যক্তি কোন জনসভা আহ্বান, অনুষ্ঠান বা তাতে যোগদান করতে এবং কোন ব্যক্তি মিছিল বা শোভাযাত্রা সংগঠিত করতে বা তাতে যোগদান করতে পারবেন না।


২৮ মার্চ ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ২৯ মার্চ ২০১৮ তারিখ দিবাগত রাত ১২টা পর্যন্ত নির্বাচনি এলাকায় নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপিত থাকবে।

- | | |
|-----------------------------|-------------------|
| ১. বেবি ট্যাক্সি/ অটোরিক্সা | ২. ট্যাক্সি ক্যাব |
| ৩. মাইক্রোবাস | ৪. জিপ |
| ৫. পিকআপ | ৬. কার |
| ৭. বাস | ৮. ট্রাক |
| ৯. টেম্পো | |

এছাড়া, পৌরসভা নির্বাচনে ২৬ মার্চ ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ৩০ মার্চ, ২০১৮ তারিখ সকাল ৬.০০টা পর্যন্ত এবং ইউনিয়ন পরিষদ নির্বাচনে ২৬ মার্চ ২০১৮ তারিখ হতে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০১৮ তারিখ দিবাগত রাত ১২.০০টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ থাকবে।

উল্লিখিত সময়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, নির্বাচন কমিশনের বৈধ পরিচয়পত্রধারী, দেশী-বিদেশী সাংবাদিক, নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলাবাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং জরুরী কাজে নিয়োজিত এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক ও টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহৃত যানবাহন চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহে ও অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


এস এম আসাদুজ্জামান
যুগ্ম সচিব, জনসংযোগ
ফোন: ৫৫০০৭৫২০